

উপজেলা আইন শৃঙ্খলা কমিটির এর দ্বি-মাসিক সভার কার্যবিবরণীঃ


সভাপতিঃ জনাব আখতারুজ্জামান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।
সভার স্থানঃ সভাপতির কার্যালয়, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।
সভার তারিখ ও সময়ঃ ২২/০৩/২০২২ খ্রিঃ বেলা-১১:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

অদ্য ২২/০৩/২০২২ খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকায় উপজেলা আইন শৃঙ্খলা কমিটির দ্বি-মাসিক সভা উপজেলা ভাইস চেয়ারম্যান জনাব আখতারুজ্জামান এর সভাপতিত্বে তাহার কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন করা হয়। পরে কমিটির সদস্য সচিব ও উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তাকে আলোচ্য সুচি অনুযায়ী আলোচনা শুরু করার আহবান জানান। কমিটির সদস্য সচিব আলোচ্য সুচি অনুযায়ী আলোচনা শুরু করেন এবং আলোচনার বিষয় ও সিদ্ধান্ত সমূহ নিম্নরূপঃ

ক্রঃনং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
০১	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও পর্যালোচনা করা হয়।	কার্যবিবরণী কোন সংশোধনী না থাকায় সভায় তা দৃঢ়করণ করা হয়।
০২	গ্রাম ভিত্তিক অস্ববিহীন ভিডিপি মৌলিক প্রশিক্ষণ	কমিটির সম্মানিত সদস্য জনাব মোঃ মনিরুজ্জামান, চেয়ারম্যান, ০৩ নং লক্ষীরচর ইউনিয়ন পরিষদ সভাকে জানান যে, আমাদের গ্রামে অনেক বেকার ও যুবক রয়েছে যারা গ্রামের নিরাপত্তা রক্ষায় ভূমিকা রাখতে পারে। কিন্তু পরিতাপের বিষয় হলো এ গ্রামের কোন যুবকেরই দক্ষ প্রশিক্ষণের ব্যবস্থা নেই তাই এ এলাকায় বেকার যুবকদের গ্রাম ভিত্তিক অস্ববিহীন ভিডিপি মৌলিক প্রশিক্ষণ প্রয়োজন।	উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে, সভার সভাপতিকে উক্ত বিষয়টি উপজেলা পরিষদের মাসিক সভায় উত্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(আখতারুজ্জামান)

ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা শৃঙ্খলা কমিটি

জামালপুর সদর, জামালপুর।

স্মারক নং-

তারিখঃ ২২/০৩/২০২২ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

০২। উপজেলা নির্বাহী অফিসার, জামালপুর সদর, জামালপুর।

০৩। জনাব----- সদস্য, উপজেলা আইন শৃঙ্খলা কমিটি, জামালপুর সদর, জামালপুর।

০৪। অফিস নথি।


(পেয়ারা আক্তার)

উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা

ও

সদস্য সচিব

উপজেলা আইন শৃঙ্খলা কমিটি

জামালপুর সদর, জামালপুর।

পরিশিষ্ট “ক”

২২/০৩/২০২২ খ্রিঃ তারিখের সভায় উপস্থিত সদস্যবৃন্দের নাম ও পদবী

ক্রঃ নং	সদস্যদের নাম	পদবী
০১	জনাব আখতারুজ্জামান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর	সভাপতি
০২	মোঃ মনিরুজ্জামান, চেয়ারম্যান, ০৩ নং লক্ষীরচর ইউনিয়ন পরিষদ	সদস্য
০৩	মোঃ হাফিজুর রহমান, চেয়ারম্যান, ০৫ নং ইটাইল ইউনিয়ন পরিষদ	সদস্য
০৪	মোহাম্মদ সাইফুল ইসলাম খান, চেয়ারম্যান, ০১ নং কেন্দুয়া ইউনিয়ন পরিষদ	সদস্য
০৫	পেয়ারা আক্তার, উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, জামালপুর সদর, জামালপুর	সদস্য সচিব